# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ৩৯. কেউ হাঁচি দিয়ে 'আলহাম্দুলিল্লাহ্' না বললেও তার হাঁচির উত্তর দেয়া

আবু মূসা আশ্'আরী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِذَا عَطَسَ أَحَدُكُمْ فَحَمِدَ اللهَ فَشَمِّتُوْهُ ، فَإِنْ لَمْ يَحْمَدِ اللهَ فَلاَ تُشَمِّتُوْهُ

"তোমাদের কেউ হাঁচি দিয়ে 'আলহামদুলিল্লাহ্' বললে তোমরা তার উদ্দেশ্যে ("ইয়ারহামুকাল্লাহ্") বলবে। আর যদি সে 'আলহামদুলিল্লাহ্' না বলে তা হলে তোমরা তার উদ্দেশ্যে ('ইয়ারহামুকাল্লাহ্') বলবে না"।[1]

কেউ বার বার হাঁচি দিলে তার উত্তরে 'ইয়ারহামুকাল্লাহ্' বলতে হয় না।

সালামাহ্ বিন্ আল-আকওয়া' (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সা.) এর নিকট জনৈক ব্যক্তি হাঁচি দিলে তিনি তার উত্তরে 'ইয়ারহামুকাল্লাহ্' বললেন। সে আবারো হাঁচি দিলে রাসূল (সা.) বললেন: লোকটির সর্দি হয়েছে।

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِذَا عَطَسَ أَحَدُكُمْ فَلْيُشَمِّتْهُ جَلِيْسُهُ ، فَإِنْ زَادَ عَلَى ثَلاَثٍ فَهُوَ مَزْكُوْمٌ ، وَلاَ يُشَمَّتُ بَعْدَ ذَلِكَ

"তোমাদের কেউ হাঁচি দিলে তার পাশে বসা লোকটি যেন ('ইয়ারহামুকাল্লাহ") বলে এর উত্তর দেয়। আর যদি সে তিন বারের বেশি হাঁচি দেয় তা হলে তার সর্দি হয়েছে। তাই এরপর আর উত্তর দিতে হবে না"।[2]

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ২৯৯২)

[2] (সিল্সিলাতুল-আ'হাদীসিস্ব-স্বাহীহাহ্, হাদীস ১৩৩০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11289

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন